আউটপেশেন্টস ডিপার্টমেন্টে আপনার সন্তানকে নিয়ে আসা - মা বাবা ও লালনপালনকারীর প্রতি নির্দেশ

Your child's visit to the outpatient department
A guide for parents and carers

NHS Lothian
The Royal Hospital for Sick Children, Edinburgh

The Royal Hospital for Sick Children, 9 Sciennes Road, Edinburgh, EH9 1LF
মেইন সুইচবোর্ড নাম্বার : 0131 536 0000 / অ্যাপয়েন্টমেন্টস ডেস্ক : 0131 536 0384

স্বাগত

এডিনবারার রয়াল হসপিটাল ফর সিক চিল্ড্রেন (Royal Hospital for Sick Children) –এর আউটপেশেন্টস ডিপার্টমেন্টে আপনার সন্তানকে দেখাবার জন্য একটা অ্যাপয়েন্টমেন্ট আছে। আমরা জানি, হাসপাতালে আসা ছোট ছেলেমেয়ে, তার পরিবার ও বন্ধুদের পক্ষে একটা দুশ্চিন্তার সময় । আপনার সন্তানকে যাতে সাহায্য করা যায় ও তার হাসপাতালে আসার অভিজ্ঞতা যাতে যতদূর সম্ভব সুখকর হয় তার জন্য আমরা আপ্রাণ চেষ্টা করব।

এই লীফলেট-টা পড়ার পর, আপনার সন্তানকে হাসপাতালে নিয়ে আসার আগে এই বিষয়ে আর কোনো প্রশ্ন থাকলে, উপরে দেওয়া নাম্বারে আমাদের অ্যাপয়েন্টমেন্টস ডেস্ক-এর সাথে যোগাযোগ করতে কোনো দ্বিধা করবেন না। অথবা আপনি যখন আউটপেশেন্টস ডিপার্টমেন্টে আসবেন সেখানকার নার্স-ইন-চার্জ-কে বা আপনার সন্তানের চিকিৎসার সাথে জড়িত যে কোনো ডাক্তার বা নার্সকে অনুগ্রহ করে জিজ্ঞাসা করবেন। তাঁরা আনন্দের সাথে আপনাকে সাহায্য করবেন এবং দরকার হলে আপনার পরিবারের অন্য সদস্যদের সাথেও কথা বলবেন।

আমাদের সংকল্প হল আপনার সন্তান যাতে সর্বোচ্চ মানের সেবা ও চিকিৎসা পায় সেটা নিশ্চিত করা।

সরকারী যানবাহনে যাতায়াতের বিষয়ে তথ্য

বাসে যাতায়াতের বিষয়ে বিশদ বিবরণ পাবেন নিম্নলিখিত নাম্বারে টেলিফোন করলে বা ওয়েবসাইট থেকে :
লোদিয়ান বাসের বিষয়ে জানতে হলে **0131 555 6363** or www.lothianbuses.co.uk
ট্র্যাভেলাইন স্কটল্যান্ড (Traveline Scotland) **0871 200 2233** or www.travelinescotland.com

ট্রেনে যাতায়াতের বিষয়ে বিশদ বিবরণ পাবেন নিম্নলিখিত নাম্বারে টেলিফোন করলে বা ওয়েবসাইট থেকে :
ন্যাশনাল রেইল এনকোয়েরী (National Rail Enquiries) **03457 484 950** or www.nationalrail.co.uk

যাতায়াতের খরচ

যদি আপনি কিছু নির্দিষ্ট সোশ্যাল সিকিউরিটি বেনিফিট পান বা যদি আপনার আয় কম হয় তাহলে হাসপাতালের অ্যাপয়েন্টমেন্ট-এ আসা যাওয়ার খরচ বাবদ কিছু সাহায্য পাবার অধিকার আপনার থাকতে পারে।

যে বেনিফিটগুলি আপনি পান, সেই বিষয়ে যাবতীয় তথ্য হাসপাতালে আসার সময় সাথে নিয়ে আসবেন এবং হাসপাতালের যে ডিপার্টমেন্টে আপনি আসছেন, সেই ডিপার্টমেন্টের রিসেপশন থেকে সার্টিফিকেট অফ অ্যাটেন্ডেন্স (certificate of attendance) চেয়ে নেবেন। তার পরে সেই সার্টিফিকেট আপনি ক্যাশিয়ার-এর অফিসে নিয়ে যাবেন।

ক্যাশিয়ার-এর অফিস খোলা থাকে সোমবার – শুক্রবার: সকাল 8.30 – দুপুর 1.00 ও দুপুর 1.30 – বিকেল 4.30 (শুক্রবার বিকেল 4.00)। ডাবল দরজার ভিতর দিয়ে গেলে মেইন করিডোরে ওয়ার্ড 2-এর পাশেই ক্যাশিয়ার-এর অফিস।

গাড়ি পার্ক করা

হাসপাতালের ভিতরে ও আশপাশে গাড়ি রাখার ও ডিসেবল্ড ব্যক্তিদের গাড়ি রাখার বিশেষ জায়গা খুবই অল্প। কার-পার্ক হাসপাতালের পিছন দিকে – রিলব্যাঙ্ক টেরেস (Rillbank Terrace)-এ। অনুগ্রহ করে মনে রাখবেন যিনি আগে এসে পৌঁছাবেন কার পার্কের জায়গা খালি থাকলে তিনিই আগে গাড়ি রাখতে পারবেন।

হাসপাতালের আশপাশের এলাকায় অনেক রাস্তাতেই পারমিট ছাড়া গাড়ি রাখা যাবে না। তবে Sciennes Road সহ কোনো কোনো রাস্তায় টিকিট মেশিন আছে। গাড়ি রাখার জায়গা পাওয়া কঠিন ও সময়সাপেক্ষ, সুতরাং এর জন্য বাড়তি সময় হাতে রাখবেন বা সম্ভব হলে সরকারী যানবাহন ব্যবহার করবেন বা আত্মীয় বন্ধুদের অনুরোধ করবেন আপনাদের হাসপাতালে নামিয়ে দেবার জন্য।

কার পার্কের ভিতরে যদিও নিরাপত্তার জন্য খবরদারীর ব্যবস্থা আছে, তবুও অনুগ্রহ করে আপনার গাড়ি লক করতে ভুলবেন না ও দামী জিনিষগুলি চোখের আড়ালে রাখবেন।

ডিসেবল্ড বা প্রতিবন্ধী ব্যক্তিদের ঢোকবার রাস্তা

ডিসেবল্ড ব্যক্তিদের হাসপাতালের ভিতরে ঢোকবার রাস্তা হল সিলভান প্লেইস (Sylvan Place)-এর প্রবেশপথ দিয়ে অথবা রিলব্যাঙ্ক টেরেসের শেষের দিকে প্রবেশপথ দিয়ে।

রোগীদের যানবাহন

যদি **চিকিৎসার/রোগের কারণে** (**medical/clinical need**) আপনার রোগীদের যানবাহনের (Patient Transport) প্রয়োজন হয় তাহলে আপনি **0300 123 1236*** নাম্বারে টেলিফোন করবেন, অ্যাপয়েন্টমেন্টের ২৮ দিন পর্যন্ত আগে থেকে গাড়ি বুক করতে পারা যায়। টেলিফোন করবার সময় খেয়াল করে আপনার সন্তানের CHI নাম্বার হাতের কাছে রাখবেন। অ্যাপয়েন্টমেন্ট লেটারের উপর দিকে আপনি CHI নাম্বার দেখতে পাবেন।

কানে কম শোনেন বা কথা বলায় অসুবিধা আছে ? টেক্সট রিলে (Text Relay) ব্যবহার করতে পারবেন: 18001-0300 123 1236* (* স্থানীয় রেইটে কলগুলি চার্জ করা হবে)

রোগীদের যানবাহন চাইবার পরে সেটা নাকচ করতে হলে 0800 389 1333 নাম্বারে টেলিফোন করবেন। (ফ্রীফোন সার্ভিস অর্থাৎ বিনা খরচে ২৪ ঘন্টার যে কোনো সময়ে ফোন করতে পারবেন)

ইন্টারপ্রেটার-এর সাহায্য ও অনুবাদ

আপনার ইন্টারপ্রেটারের প্রয়োজন থাকলে, হাসপাতালে আসার আগে আপনার জিপি আমাদের সেটা জানাবেন ও আমরা আপনার জন্য উপযুক্ত ইন্টারপ্রেটারের ব্যবস্থা করব।

বড় হরফে, ব্রেইলে বা আপনার নিজস্ব ভাষায় এই লীফলেট-এর কপি পেতে হলে অনুগ্রহ করে 0131 536 0384 নাম্বারে অ্যাপয়েন্টমেন্টস ডেস্কে টেলিফোন করবেন।

আপনার সন্তানের অ্যাপয়েন্টমেন্ট রাখা

আপনার সন্তানের অ্যাপয়েন্টমেন্টে যদি আসতে না পারেন বা যদি তা বদল করতে হয়, তাহলে অনুগ্রহ করে **0131 536 0384** নাম্বারে টেলিফোন করবেন। টেলিফোন করে আমাদের জানালে সেই সময়ে আমরা অন্য কোনো রোগীকে দেখতে পারব এবং সেটা আমাদের ওয়েটিং টাইম কমাতে সাহায্য করবে অর্থাৎ হাসপাতালের অ্যাপয়েন্টমেন্ট পেতে আপনাদের কম দিন অপেক্ষা করতে হবে।

ম্যাপ — এডিনবারার মধ্যে আমাদের হাসপাতালের অবস্থান



এনএইচএস লোদিয়ানের হাসপাতালে বা হাসপাতালের সীমানার ভিতরে ধূমপান নিষিদ্ধ।

এনএইচএস লোদিয়ানের ওয়েবসাইট www.nhslothian.scot.nhs.uk -এ এই লীফলেট পাওয়া যাবে।

Unique ID		Author(s)	Asst Service Manager, Children's Services
Category/ Level/ Type	PIL	Version	2
Status	Approved	Approved by	Clinical Policy, Documentation & Information Group
Date of Authorisation	Aug 2016	Review Date	Nov 2017